



প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অভিনন্দন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১০ জানুয়ারি ২০২৪খ্রিঃ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় অর্জন করায় বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া।

১০ জানুয়ারি ২০২৪ তারিখ এক বার্তায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এ শুভেচ্ছা জানানো হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও সফলতা কামনা করে উপাচার্য মহোদয় বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ বিজয় আগামী সমৃদ্ধ বাংলাদেশের চলার পথকে সুগম করবে। যত দিন বাংলাদেশ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশপ্রেম ও নেতৃত্বে বিশ্বাস রাখবে, এগিয়ে যাবে নিজ মহিমায়। স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সোনার বাংলাদেশের যে স্বপ্ন দেখেছেন মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী ও সাহসী নেতৃত্বের জন্য তা আজ দৃশ্যমান। মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে চলেছেন।

উপাচার্য মহোদয় আরও বলেন মাননীয় প্রধানমন্ত্রী গণমানুষের নেতা। তিনি অবিরাম কাজ করে চলেছেন গণমানুষের কল্যাণে। তাঁর গতিশীল নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্ব দরবারে অনন্য উচ্চতায়। উপাচার্য মহোদয় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু ও সর্বাঙ্গীন মঙ্গল কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়